# BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION
# বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন

**Reg. Office:** Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
**Corporate Office :** Green Meher Tower, House # -12/A, (Level-4), Gulshan North Avenue
Gulshan-2, Dhaka-1212, Phone : 48116358, 222248778, 58156619 E-mail : btmasg@gmail.com,
info@btmadhaka.com, btma2@yahoo.com, Web: www.btmadhaka.com


## বিটিএমএ নির্বাচন ২০২৫-২০২৭ সংক্রান্ত আচরণবিধি

১) নির্বাচন বোর্ড বানিজ্য সংগঠন আইন ২০২২, বানিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এবং বিটিএমএ'র সংঘস্মারক ও সংঘবিধিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করিবে। পরিচালনা পর্ষদ নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করিতে পারিবে না।

২) নির্বাচন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ডের নির্দেশ অনুযায়ী এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিয়ুক্ত করিবে।

৩) নির্বাচন তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত এ আচরণ বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাঁহার প্রার্থী পদ বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যাইবে ঃ-

ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ন নিষিদ্ধ থাকিবে।

গ) প্রার্থী কর্তৃক ভোটারদের নিকট কেবল মাত্র সাদাকালো A4 Size এর প্রচারপত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

ঘ) নির্বাচন বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী একক বা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটাদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহন করিতে পারিবে না।

ঙ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারনা সম্পূর্ন নিষিদ্ধ থাকিবে।

চ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারন ও পোষ্টার বহন সম্পূর্নরূপে নিষিদ্ধ থাকিবে। নির্বাচন কমিশন কর্তৃক ১০০ গজের বাহিরে প্রার্থী/ভোটারদের জন্য প্যান্ডেলের ব্যবস্থা থাকিবে।

ছ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার নির্বাচন কেন্দ্র এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবে না।

৪) নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাইবে। প্রার্থীগন নির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবে।

৫) নির্বাচন বোর্ড ভোট গ্রহন কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রন করিবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনী প্রার্থী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কাহারও ভোট গ্রহন কক্ষে প্রবেশাধিকার থাকিবে না।

Kazi Akhtar Hosain
Member
Election Board, BTMA

Tyabul Huq
Member
Election Board, BTMA

Jahangir Alamin
Chairman
Election Board, BTMA

৬) ভোট প্রদানের জন্য নির্ধারিত গোপন-কক্ষে এক সংগে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহন কক্ষের বাইরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।

৭) ভোট গ্রহন কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশ বিধান লংঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড কেন্দ্র হইতে বহিষ্কার করিতে পারিবে।

৮) নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট কেন্দ্র ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পারিবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহনপূর্ব একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।

৯) কোন প্রার্থী ভোট গ্রহন কক্ষে কোন ভোটারের সংগে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবেন না।

১০) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত নহে কিংবা জাল ভোট দান কিংবা ইতিমধ্যে ভোট দিয়েছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরন বিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগন নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।

১১) নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনী ব্যবস্থা গ্রহন করিবেন।

১২) নির্বাচন বোর্ড কিংবা নির্বাচন কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহন কক্ষে আলাপচারিতা ও প্রচারনায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাহার প্রার্থীপদ বাতিল করা যাইতে পারে।

১৩) নির্বাচন বোর্ড ব্যালট পত্র নির্ধারন করিবে। ব্যালট পত্রে প্রথম অংশে ব্যালট পত্র নং মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর ও সীল সম্বলিত হইতে হইবে অন্যথায় উহা গ্রহনযোগ্য হইবে না।

১৪) প্রত্যেক ভোটারকে নির্বাচনের দিন বিটিএমএ নির্বাচন কমিশন কর্তৃক ইস্যুকৃত ভোটার আইডি কার্ডটি অবশ্যই সঙ্গে করে নিয়ে আসতে হবে।

১৫) শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তার মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকরী নিযুক্ত করিতে পারিবেন।

১৬) ভোট গ্রহন প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মূখে নিরীক্ষন করিয়া শূন্যতার নিশ্চয়তার বিধানপূর্বক ব্যালট বাক্সটি সীল করিবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করিবেন।

Kazi Akhtar Hosain
Member
Election Board, BTMA

Tyabul Huq
Member
Election Board, BTMA

Jahangir Alamin
Chairman
Election Board, BTMA

১৭) একটি ব্যালট বাক্স পূর্ন কিংবা আরও ভোট গ্রহনের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষন করতঃ উহার স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহন করিবেন।

১৮) ভোট গ্রহনকালীন সময়ে বিশেষ পরিস্থিতিতে ভোট গ্রহন স্থগিত করা হইলে ব্যালট বাক্স সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহন পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকিবে।

১৯) নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রের ভিতরে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।

২০) ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহন বন্ধ করা হবে। অতঃপর ভোট গণনা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গননার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

২১) নির্বাচন বোর্ড ভোট গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হইতে ব্যালট পত্র বাহির করিয়া প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করিবে। নিম্নোলিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলিয়া গন্য হইবে, যথা ঃ-

ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে।

খ) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে; এবং

গ) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশনাবলী লংঘন করিয়া পূরনকৃত ব্যালট পত্র।

নির্বাচন বোর্ড উপর্যুক্ত বাতিলকৃত ব্যালটপত্র বান্ডিল বন্ধ করিয়া উহার সংখ্যা লিপিবদ্ধ করিবে।

২২) নির্বাচন বুথে কোন প্রার্থীর বা ভোটারের বা অন্য কারো ক্যামেরা, মোবাইল অথবা যে কোন ধরনের আগ্নেয়াস্ত্র নিয়ে প্রবেশ করা সম্পূর্ন নিষিদ্ধ।

২৩) প্রয়োজনীয় ক্ষেত্রে নির্বাচন আচরণবিধির পরিবর্তন, পরিমার্জন ও সংশোধণ করার এখতিয়ার নির্বাচন বোর্ড রাখে।

Kazi Akhtar Hosain
Member
Election Board, BTMA

Tyabul Huq
Member
Election Board, BTMA

জাহাঙ্গীর আলামিন
চেয়ারম্যান
বিটিএমএ নির্বাচন বোর্ড ২০২৫-২০২৭